তারিখ ... 03 OCT 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ......

প্রথম আলো

# প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সংশোধন) বিল পাস

নিজস্ব প্রতিবেদক ●

স্নাতক শ্রেণির পাশাপাশি স্নাতকোত্তরের শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে বৃত্তি দিতে আইন সংশোধনের বিল জাতীয় সংসদে পাস হয়েছে। গতকাল রোববার প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সংশোধন) বিল, ২০১৬ পাসের প্রস্তাব করে সংসদে উত্থাপন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরে তা পাস হয়।

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, এত দিন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে স্নাতক শ্রেণি পর্যন্ত বৃত্তির ব্যবস্থা ছিল। স্নাতকোত্তরের শিক্ষার্থীদের বৃত্তি দেওয়ার জন্য আইনে কোনো বিধান ছিল না। একটি সমন্বিত বৃত্তি প্রদান নীতিমালা প্রণয়নের জন্য আইনে গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তার বিষয়টি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

পাস হওয়া বিলে নতুন ধারা যুক্ত করে স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি কোর্সের শিক্ষার্থীদের বৃত্তি দেওয়ার বিধান করা হয়েছে।

বিল পাসের পর সংসদের অধিবেশন আজ সোমবার বিকেল পাঁচটা পর্যন্ত মুলতবি করা হয়।